

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mos.gov.bd

বিষয়ঃ কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে গঠিত “ইনোভেশন টিম” এর ২০-০৬-২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ রফিকুল ইসলাম
অতিরিক্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়
তারিখ : ২০-০৬-২০১৬।
সময় : সকাল ১০.০০ ঘটিকা।
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নং-৬, কক্ষ নং-৮০৬, ৮০৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
উপস্থিতি : পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে করণীয় সম্পর্কে আলোকপাত করেন। অতঃপর উপসচিব (প্রশাসন) গত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। এ প্রেক্ষিতে সভায় মন্ত্রণালয়ের উদ্ভাবনী চর্চার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- (১) নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীর বায়োডাটা ওয়েবসাইটে আপলোড করতে হবে। প্রোগ্রামার সভায় আলোচনাক্রমে চূড়ান্তকৃত ছকে সকলকে বায়োডাটার সফটকপি ই-মেইল/পেনড্রাইভের মাধ্যমে প্রেরণ করবেন। উক্ত বায়োডাটার সফটকপি পূরণ করে সকল কর্মকর্তা/কর্মচারী প্রোগ্রামারকে ই-মেইল/পেনড্রাইভের মাধ্যমে প্রেরণ করবেন।
 - (২) মাননীয় মন্ত্রী মহোদয় ও সচিব মহোদয়ের দৈনিক কর্মসূচি ব্যক্তিগত কর্মকর্তা লিখিতভাবে প্রোগ্রামারকে অবহিত করবেন। প্রোগ্রামার উক্ত কর্মসূচি ওয়েবসাইটে ডিসপ্লে করাবেন।
 - (৩) মন্ত্রণালয়ে একটি তথ্য ব্যাংক (ইনফো ব্যাংক) প্রতিষ্ঠা করতে হবে। এ জন্য বারটি সংস্থাকে তিনটি ভাগে ভাগ করে নিম্নরূপ তিন সদস্য বিশিষ্ট একটি ইনফো ব্যাংক তথ্য সংগ্রহের কমিটি করতে হবে। বাণিজ্য উইং এর দায়িত্বে বেগম জাজরীন নাহার, সিনিয়র সহকারী সচিব (পায়রা), উন্নয়ন উইং এর দায়িত্বে জনাব মোঃ মনোয়ার হোসেন, উপসচিব (বাণিজ্যিক), প্রশাসন উইং এর দায়িত্বে জনাব শাহ্ এস, এম হাবিবুর রহমান হাকিম তথ্য সংগ্রহ করবেন। উল্লেখ্য, কমিটি যুগ্মসচিব জনাব মোঃ দেলওয়ার হায়দার কর্তৃক প্রদত্ত তথ্য সংগ্রহের ছক ব্যবহার করবেন এবং তাঁর নির্দেশনা ও পরামর্শ মোতাবেক কাজ করবেন।
 - (৪) লঞ্চ-স্টিমারের ছাদে ১-২ শত গজ রশি দিয়ে প্লাস্টিক কন্টেইনারে বেঁধে রাখতে হবে যাতে লঞ্চ বা স্টিমার ডুবে গেলেও উক্ত কন্টেইনারটি ভেসে থাকবে। এতে ডুবন্ত লঞ্চটির অবস্থান বোঝা যাবে। সিদ্ধান্ত বাস্তবায়নে BIWTA, BIWTC, DOS, CPA, MPA, PPA দপ্তরকে পত্র প্রদান করতে হবে।
 - (৫) ইন্টারনেট ও ইন্টারকম লাইন রক্ষার্থে ইঁদুর নিধনের জন্য ‘গ্লু’ ব্যবহার নিশ্চিত করতে হবে। স্টোর ইনচার্জ উহা নিশ্চিত করবেন এবং সিসস (প্রশাসন-১) তদারকি করবেন।
 - (৬) সকল কর্মকর্তাকে স্মার্ট ফোন ব্যবহার করতে হবে এবং মোবাইলে ইমো, ভাইবার ও স্কাইপি ইন্সটল থাকতে হবে। উক্ত ইন্সটলকৃত ইমো, ভাইবার ও স্কাইপি ইন্সটলকৃত মোবাইল নম্বরের একটি তালিকা সকলকে দিতে হবে যাতে পরস্পরের সাথে যোগাযোগ করতে পারে।
- ২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৬-০৬-২০১৬
(মোঃ রফিকুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
নৌ-পরিবহন মন্ত্রণালয়

অনুলিপিঃ অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা)।
- ২। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/চবক/মবক/বাস্থবক/পায়রা বন্দর কর্তৃপক্ষ/প্রধান নির্বাহী কর্মকর্তা,
গভীর সমুদ্র বন্দর সেলা।
- ৪। জনাব এএসএম মামুনুর রহমান খলিলী, যুগ্ম-সচিব (চবক/পাবক), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৬। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। বেগম নাসরীন আফরোজ, পরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৯। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম।
- ১০। জনাব দেলওয়ার হায়দার, যুগ্মসচিব (মেরিন ও এনএমআই), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ১১। জনাব মোঃ রেজাউল করিম, যুগ্মসচিব (টিসি ও বিএসসি), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ১২। উপসচিব (জাহাজ/মবক /টিএ/ /বিএসসি/বন্দর), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ১৩। বেগম ফাহিমদা আখতার, উপসচিব (প্রশাসন), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম।
- ১৬। জনাব এস, এম হাবিবুর রহমান হাকিম, সিনিয়র সহকারী সচিব (জাহাজ), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ১৭। জনাব মোঃ আবেদ আলী, সিনিয়র সহকারী সচিব (প্রশা-১), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ১৮। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/বাণিজ্যিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ১৯। যুগ্মসচিব (আইন হালনাগাদ করণ /বাস্থবক ও মবক/চবক/প্রশাসন/আইন ও অডিট/বাজেট/মেরিন ও এনএমআই/টিসি ও বিএসসি/যুগ্মপ্রধান) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌ-পরিবহন মন্ত্রণালয়।

(মোঃ আবেদ আলী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১৫৫৫